# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 22.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের বন্যা পরিস্থিতির কারণ নিয়ে কেন্দ্র – রাজ্য চাপানউতোর তুঙ্গে। রাজ্যকে জানিয়েই ডিভিসি জল ছেড়েছে বলে কেন্দ্রের বক্তব্য খারিজ করে দিয়ে প্রধানমন্ত্রীকে ফের চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

ডিভিসি থেকে পদত্যাগ করেছেন রাজ্যের বিদ্যুৎ সচিব এবং সেচ ও জলপথ দফতরের চিফ ইঞ্জিনিয়ার।

২) প্রবল দুর্যোগে বঙ্গোপোসাগরে ডুবে যাওয়া ট্রলার এফ বি বাবা গোবিন্দর নিঁখোজ ৯ মৎস্যজীবীর মধ্যে ৮ জনের দেহ উদ্ধার হয়েছে। ১ জন এখনও নিখোঁজ।

এদিকে, আগামীকাল পশ্চিম মধ্যে বঙ্গোপসাগর ও পার্শ্ববর্তী এলাকায় একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরি হবার সম্ভাবনা।

৩) মুখ্যমন্ত্রী আগামীকাল দু-দিনের বর্ধমান ও বীরভূম সফরে যাচ্ছেন ।

৪) ধানের সহায়ক মূল্য কুইন্টাল পিছু ১১৭ টাকা বাড়াচ্ছে রাজ্য সরকার ।

৫) টালিগঞ্জ স্টুডিও পাড়ায় হুমকির জেরে এক কেশ সজ্জা শিল্পীর আত্মহত্যার চেষ্টার অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যের বন্যা পরিস্থিতির কারণ নিয়ে কেন্দ্র – রাজ্য চাপানউতোর তুঙ্গে। রাজ্যকে জানিয়েই ডিভিসি জল ছেড়েছে বলে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক ও জল কমিশনের দাবি খারিজ করে দিয়ে প্রধানমন্ত্রীকে ফের চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। রাজ্যের ১১-টি জেলায় বন্যা পরিস্থিতির জন্য ডিভিসি-র বিভিন্ন জলাধার থেকে মাত্রাতিরিক্ত জল ছাড়া নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে বিশে সেপ্টেম্বর প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। তার জবাবে জলশক্তি মন্ত্রী সি আর পাটিল লেখেন, রাজ্যের সম্মতি নিয়েই ডিভিসি জল ছাড়ে মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে। এই বক্তব্যের সঙ্গে তিনি সহমত নন বলে জানিয়ে মুখ্যমন্ত্রী লিখেছেন, সমস্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত জলশক্তি মন্ত্রক এবং কেন্দ্রীয় জল কমিশন এককভাবে নিয়ে থাকে। এবার মাত্র সাড়ে ৩ ঘণ্টার নোটিশে ডিভিসি সর্বোচ্চ পরিমাণে জল ছেড়েছে ৯ ঘণ্টা ধরে। বন্যা পরিস্থিতি নিয়ে কেন্দ্রীয় মন্ত্রীর বিবৃতি পুরোপুরি ঠিক নয়। এর প্রতিবাদে রাজ্য সরকার দামোদর ভ্যালি জলাধার নিয়ন্ত্রণ কমিটি থেকে প্রতিনিধিত্ব অবিলম্বে প্রত্যাহার করে নিচ্ছে বলেও চিঠিতে জানিয়ে দেন মুখ্যমন্ত্রী। একাধিক জেলায় ভয়াবহ প্লাবন পরিস্থিতি ঘুরে দেখার সময়ও ডিভিসি-র অস্বাভাবিক বেশি জলছাড়াকে দায়ী করে তিনি, ডিভিসি-র সঙ্গে সম্পর্ক ছিন্ন করার হুঁশিয়ারী দিয়েছিলেন।

এর প্রেক্ষিতে রাজ্যের বিদ্যুৎ সচিব শান্তনু বসু ডিভিসি পর্ষদ থেকে এবং সেচ ও জলপথ দফতরের চিফ ইঞ্জিনিয়ার দামোদর ভ্যালি জলাধার নিয়ন্ত্রণ কমিটি – ডিভিসিআরআরসি থেকে পদত্যাগ করেছেন।

মুখ্যমন্ত্রীর চিঠিকে তীব্র কটাক্ষ করেছেন, বিজেপি-র রাজ্য মুখপাত্র তফা রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য।

(বাইট – শমীক)

oooooooooooooooooooooo

এদিকে, হাওড়ার উদয়নারায়ণপুর, হুগলীর খানাকুল, পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া এবং পশ্চিম মেদিনীপুরের ঘাটালে বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও আমতা দু-নম্বর ব্লকের পাঁচটি গ্রাম পঞ্চায়েতে এখনও জলমগ্ন। উদয়নারায়ণপুর – আমতা সড়ক জলের তলায়। ত্রাণ শিবিরগুলিতে আশ্রয় নেওয়া মানুষজনের খাবার ও পানীয় জলের অসুবিধা না হলেও প্লাবিত এলাকাগুলিতে জলবন্দি অনেকের কাছেই ত্রাণ সামগ্রী পৌঁছছে না বলে অভিযোগ।  সবচেয়ে বেশি সমস্যা দেখা দিয়েছে পানীয় জলের।

পাঁশকুড়ায় স্টাফ স্পেশাল ট্রেনের কামরায় চলছে জিআরপি থানার কাজ। রেল কোয়ার্টারে বসবাসকারী রেল কর্মীদের পরিবারও আশ্রয় নিয়েছেন এই ট্রেনে।

খানাকুলে আজ বন্যা পরিস্থিতি খতিয়ে দেখেন মুখ্য সচিব মনোজ পন্থ।

ঘাটালের বন্যা পরিস্থিতি আজ স্পীডবোটে ঘুরে দেখেছেন স্থানীয় সাংসদ, অভিনেতা দীপক অধিকারী ওরফে দেব। ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, এই পরিকল্পনা বাস্তবায়িত করতে অন্তত ৫ বছর সময় লাগবে। ইতোমধ্যেই কাজ শুরু হয়েছে।

অন্যদিকে, ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট পাঁশকুড়া, ডেবরা সহ প্লাবিত বিভিন্ন এলাকায় অভয়া ক্লিনিক খুলে দুর্গত মানুষজনের চিকিৎসা করছে। ত্রাণ সামগ্রীও বিলি করা হচ্ছে।

oooooooooooooooooooo

প্রবল দুর্যোগে বঙ্গোপোসাগরে ডুবে যাওয়া ট্রলার এফ বি বাবা গোবিন্দর নিঁখোজ ৯ মৎস্যজীবীর মধ্যে ৮ জনের দেহ উদ্ধার হয়েছে। একজন এখনও নিখোঁজ। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – গৌতম মন্ডল)

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও দক্ষিণ মায়ানমার উপকূলে সৃষ্ট দুটি ঘূর্ণাবর্তের প্রভাবে আগামীকাল পশ্চিম মধ্যে বঙ্গোপসাগর ও পার্শ্ববর্তী এলাকায় একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরি হবার সম্ভাবনা। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, এর জেরে, আজ থেকে আগামী রবিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এর মধ্যে বেশকিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে সেই সঙ্গে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া থাকবে।

বাইট

এই মুহূর্তে নদী ও সমুদ্রের মৎস্যজীবীদের জন্য কোন সতর্কবার্তা নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বন্যা পরিস্থিতির আবহে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দুই দিনের সফরে বর্ধমান এবং বীরভূম যাচ্ছেন। কলকাতা থেকে আগামীকাল দুপুরে রওনা হয়ে তিনি প্রথমে পূর্ব বর্ধমানের জেলাশাসকের অফিসে বন্যা পরিস্থিতি নিয়ে বৈঠক করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এরপরে তার দুর্গাপুর সার্কিট হাউসে রাত্রিবাস করার কথা। মুখ্যমন্ত্রীর মঙ্গলবার বীরভূমের বোলপুরে প্রশাসনিক সভায় অংশ নেওয়ার কথা রয়েছে। ঐদিনই তিনি কলকাতায় ফিরবেন। এদিকে দিনের আলোতে তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মণ্ডল জামিন পাওয়ার পরে সোমবারই তাঁর বীরভূমে ফেরার কথা বলে  দলীয় সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার ধানের সহায়ক মূল্য বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। গত মরশুমে রাজ্য সরকার চাষীদের কুইন্ট্যাল পিছু ২ হাজার ১৮৩ টাকা দাম দিয়েছিল। এবার তা

১১৭ টাকা বাড়িয়ে ২ হাজার ৩০০ টাকা করা হয়েছে। ধান সংগ্রহে সুবিধার জন্য প্রতিটি জেলাতেই ক্রয়কেন্দ্র  বাড়ানো হচ্ছে। এছাড়া প্রত্যন্ত এলাকা থেকে ধান সংগ্রহ করার জন্য মোবাইল ভ্যানের ব্যবস্থা করা হয়েছে। গ্রামে গিয়ে চাষিদের কাছ থেকে খাদ্য দফতর  সরাসরি ধান কিনবে। আগামী মরশুমে ধান কেনার জন্য স্বনির্ভর গোষ্ঠীগুলিকে আরও সক্রিয়ভাবে নামানো হচ্ছে। এছাড়া বেনফেড, নাফেড, কনফেড-এর মতো সংস্থাগুলিও ধান কিনবে। ধান ভেঙে চাল করার জন্য রাইসমিলগুলির কাছ থেকেও আবেদনপত্র নেওয়া হচ্ছে। অনলাইন আবেদন করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন আই এম এ-র রাজ্য শাখার নির্বাচনে আর জি কর কান্ডের বড়সড় প্রভাব পড়বে বলে মনে করা হচ্ছে । আজ কলকাতায় এই নির্বাচনের প্রস্তুতি বৈঠক শুরু হতে  না হতেই,  তিন চিকিৎসক  বিক্ষোভের মুখে পড়েন। তাপস চক্রবর্তী, জয়া মজুমদার ও প্রিয়াঙ্কা রানা নামে  এই তিনজনের বিরুদ্ধে ওঠে গো-ব্যাক শ্লোগান। তিন চিকিৎসকই বহু চর্চিত উত্তরবঙ্গ লবির ঘনিষ্ঠ বলে অভিযোগ। আর জি কর সহ বিভিন্ন মেডিকেল কলেজে হুমকি চক্রে এই উত্তরবঙ্গ লবির কথা বারবারই শোনা গেছে। ৯-ই আগস্ট আর জি কর-এ তরুণী চিকিৎসক পড়ুয়ার মৃতদেহ উদ্ধার হওয়ার পর তাপস চক্রবর্তী ঘটনাস্থলে গিয়েছিলেন। এই নিয়ে বিতর্কের মধ্যেই সম্প্রতি আই এম এ-র মালদা শাখার সভাপতির পদ থেকে তাকে সরিয়ে দেওয়া হয়। যদিও সব অভিযোগ অস্বীকার করেছেন তিনি।

এদিকে, আর জি কর-এর ঘটনার তদন্তে আজও সিজিও কমপ্লেক্সে চিকিৎসক বিরূপাক্ষ বিশ্বাসকে প্রায় ৫ ঘণ্টা জেরা করে সিবিআই। অভীক দে ও সৌরভ পালকেও জিজ্ঞাসাবাদ কর হচ্ছে। ডাকা হয়েছে টালা  থানার এস আই চিন্ময় বিশ্বাস এবং অপূর্ব বিশ্বাস নামে এক ময়নাতদন্তকারী চিকিৎসকে।

৯-ই আগস্ট অকুস্থল থেকে নমুনা সংগ্রহকারী ফরেন্সিক দলের তিন সদস্যকেও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

গতকাল গভীর রাত পর্যন্ত বিরূপাক্ষ, সৌরভ ও অভীক দে-কে জেরা করেন তদন্তকারীরা।

০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডের প্রতিবাদে প্রদেশ কংগ্রেস আজ হাওড়া ময়দান থেকে শিবপুর কাজীপাড়া পর্যন্ত মহা মিছিল এবং সমাবেশের আয়োজন করে। মিছিলে পা মেলান দলের প্রবীণ নেতা অধীর রঞ্জন চৌধুরী, অসিত মিত্র প্রমুখ।

বাঁকুড়া শহরে বিজেপি-র ডাকে নারী সুরক্ষা মহা মিছিলে যোগ দিয়েছিলেন দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

কলকাতা সহ একাধিক জায়গায় নাগরিক সমাজের পক্ষ থেকেও আর জি কর-এ চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ন্যায় বিচার চেয়ে মিছিল করা হয়।

০০০০০০০০০০০০০০০০

স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি এবং হুমকির সংস্কৃতি নিয়ে তোলপাড়ের মধ্যেই টালিগঞ্জ স্টুডিও পাড়ায় হুমকির জেরে এক কেশ সজ্জা শিল্পীর আত্মহত্যার চেষ্টার অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। অভিযোগ, ওই হেয়ার স্টাইলিস্টের ইচ্ছে মতো কাজ করার স্বাধীনতা ছিল না। গতরাতে খবর পেয়ে হাসপাতালে ছুটে যান পরিচালক সুদেষ্ণা রায়, সৃজিত মুখোপাধ্যায়, অভিনেত্রী সুদীপ্তা চক্রবর্তী প্রমুখ। হাসপাতাল থেকে ছাড়া পেলেও ওই মহিলার মানসিক স্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন চিকিৎসকরা। আকাশবাণীকে সুদেষ্ণা বলেছেন, যেভাবে ওই হেয়ার স্টাইলিস্টকে হেনস্থা করা হচ্ছে, তা কখনোই মেনে নেওয়া যায় না।

(বাইট – সুদেষ্ণা)

বিজেপি, এই ঘটনায় জড়িতদের শাস্তির দাবি জানিয়েছে। দলের সাংস্কৃতিক সেলের আহ্বায়ক রুদ্রনীল ঘোষ আজ কলকাতায় সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, টলিউডে এক স্বৈরতান্ত্রিক পরিবেশ তৈরি হয়েছে। মুখ্যমন্ত্রী স্নেহধন্য কিছু মানুষের জন্য যোগ্য শিল্পী ও কলাকুশলীরা কাজ পান না। প্রতিবাদ করলে অন্যায়ভাবে তাদের সাসপেন্ড করা হয়।

oooooooooooooooooo

জনপ্রিয় বেতার কণ্ঠ, প্রয়াত ছন্দা সেনের স্মরণে পরিবার ও গুণগ্রাহীদের উদ্যোগে আজ সকালে কলকাতা প্রেস ক্লাবে এক সভা অনুষ্ঠিত হয়। কলকাতা দূরদর্শনের আদি যুগের স্বনামধন্য এই সংবাদ পাঠক ও বেতার ঘোষকের স্মৃতিচারণ করেন ভবেশ দাস, সৈয়দ কওসার জামাল, কৃষ্ণশর্বরী দাশগুপ্ত, প্রণতি ঠাকুর, চৈতালি দাশগুপ্তের মতো সহকর্মীরা এবং প্রেস ক্লাবের সভাপতি স্নেহাশীষ শূর সহ অনেকেই।

ooooooooooooooooo

কোচির জওহরলাল নেহরু স্টেডিয়ামে আজ আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল, কেরল ব্লাস্টার্সয়ের মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূন্য রয়েছে।

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooo